

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
এপিএ শাখা

**বিষয় :** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিবিক্ষন কাঠামোর ২.১ মোতাবেক অংশীজনের অংশগ্রহনে সভার কার্যবিবরনী।

**সভাপতি** : মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব  
**তারিখ** : ১৮/০৬/২০১৯ ইং।  
**সময়** : সকাল ১১.০০ টা।  
**সভার স্থান** : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

**সভায় উপস্থিতি পরিশিষ্ট –‘ক’-তে।**

জাতীয় শুদ্ধাচার বিষয়ক অংশীজনের অংশগ্রহনে অনুষ্ঠিত সভার সভাপতি, এনআইএস টিম প্রধান ও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতি: সচিব (প্রতিষ্ঠান) জনাব মো: আফজাল হোসেনের সভাপতিত্ব করেন। সভাপতি উপস্থিতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন অগ্রগতি পরিবিক্ষণ কাঠামোর প্রতিটি ক্রমিক অনুসারে আলোচনা করেন। সরকারী কাজে স্বচ্ছতা আনয়নের বিষয়ে তিনি গুরুত্বারূপ করেন। তিনি উল্লেখ করেন যে, সরকারী কাজকর্মে প্রজাতন্ত্রের কর্মচারীদের প্রচলিত ধ্যান-ধারনা পরিবর্তন করে জনসেবামূল্যী করার জন্য জাতীয় কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

সভাপতি জানান যে, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার জন্য জাতীয় জীবনের সকল ক্ষেত্রে শুদ্ধাচার প্রয়োজন। দেশীয় ও আন্তর্জাতিক উভয় চর্চার অনুসরণ করা দরকার। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে জনকল্যানে স্বচ্ছতা ও দক্ষতার সাথে কাজ করার জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান, জবাবদিহির উপকরণ সমূহ সঠিকভাবে চর্চার মাধ্যমে বাংলাদেশ সুশাসন নিশ্চিতকরণ সরকারের অন্যতম লক্ষ্য। এ জন্য মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন প্রতিষ্ঠায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল সেবা প্রদান প্রতিশুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও তথ্য অধিকার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

**বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :-**


- ০১) ২০১৯-২০ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম -
- (ক) শুদ্ধাচার প্রতিষ্ঠার সহায়ক আইন/বিধিমাল/ম্যানুয়েল প্রণয়ন/সংক্ষার/হালনাগাদকরণ ও প্রজ্ঞাপন/পরিপত্র জারি করা হবে;
- (খ) শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দৃঢ়ীতি প্রতিরোধ সহায়ক অন্যান্য কার্যক্রম (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা সমূহ নিজস্ব কার্যক্রম উল্লেখ পূর্বক খসড়া শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক ২৫ জুন, ২০১৯ এর মধ্যে এ বিভাগে প্রেরণ করবে।
- ০২) ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনায় অগ্রগতি প্রতিবেদনে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা সমূহ মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত পূর্বক এ বিভাগে ১০ জুলাই-এর মধ্যে প্রেরণ করতে হবে।

**অপর পাতায় দেখুন:**

-: ০২ :-

পর্ব পঠার পর:

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার  
সমাপ্তি ঘোষনা করেন।

  
(মো: আফজাল হোসেন)  
অতিরিক্ত সচিব (প্রতিষ্ঠান)  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ